



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

(Website: [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd))



স্মারক নং ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৩.১৯.১৭৮

তারিখ: ২৯-১০-২০২০ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত নিম্নোক্ত শিক্ষাক্রমে ২০২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের Online-এ রেজিস্ট্রেশন কার্যক্রমের সময়সূচি অনিবার্য কারণ বশতঃ পরিবর্তন করা হলো।

- (১) এস.এস.সি (ভোকেশনাল), কারিকুলাম কোড : ২৭, (২ বছর মেয়াদি) এবং
- (২) দাখিল (ভোকেশনাল), কারিকুলাম কোড : ৭৭, (২ বছর মেয়াদি)।
- (ক) শিক্ষার্থীর ভর্তির যোগ্যতা : সরকারি প্রতিষ্ঠানে ১ম শিফট এর জন্য ২০১৪ হতে ২০১৯ জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকারি প্রতিষ্ঠানে ২য় শিফট ও বেসরকারি প্রতিষ্ঠানের জন্য পাসের সন শিখিলযোগ্য।
- (খ) পূর্বে এন্ট্রিকৃত সকল ডাটা Online এ Show করবে। এই সকল তথ্য এডিট/ডিলেট করা যাবে না।
- (গ) প্রতি ট্রেড/শাখায় ন্যূনতম ১৫ (পনের) জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে হবে এবং প্রতি ট্রেড/শাখা/শিক্টে ৪০ (চল্লিশ) জন এর বেশি রেজিস্ট্রেশন করা যাবে না। SESIP কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানের জন্য প্রথমবার বিবেচনায় এই শর্ত ২০২০ শিক্ষাবর্ষের জন্য শিখিলযোগ্য।
- (ঘ) Online-এ নতুন ডাটা এন্ট্রির সময়সূচি : ০১-১১-২০২০ হতে ১২-১১-২০২০ পর্যন্ত।
- (ঙ) তথ্য যাচাই বাছায়ের জন্য সার্ভার বন্ধ থাকবে : ১৩-১১-২০২০ হতে ১৭-১১-২০২০ পর্যন্ত।
- (চ) ফাইনাল কপি (হার্ড কপি) প্রিন্টের সময়সূচি : ১৮-১১-২০২০ হতে ২৩-১১-২০২০ পর্যন্ত। [শিক্ষার্থী সংখ্যা প্রতি ট্রেডে ১৫ (পনেরো) জনের কম হলে উক্ত তথ্য ১৭-১১-২০২০ ইং তারিখের পর সয়ংক্রিয় ভাবে বাতিল হয়ে যাবে।]
- (ছ) নতুন এন্ট্রিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি “সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড” এর অনুকূলে DD এর মাধ্যমে প্রদান করতে হবে। DD করার সময়সূচি : ২২-১১-২০২০ হতে ৩০-১১-২০২০ পর্যন্ত।
- (জ) ফিসের বিবরণ (শিক্ষার্থী প্রতি): রেজিস্ট্রেশন ফি ১৩০.০০ টাকা, ফ্রীডা ফি ৫০.০০ টাকা, স্কাউট/গার্লস গাইড ফি ১৫.০০ টাকা, রেড ক্রিসেন্ট ফি ৮.০০ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ টাকা, আবেদন পত্র বিক্রির (ভর্তিকৃত শিক্ষার্থী) ৩০.০০ টাকাসহ সর্বমোট ২৪০.০০ (দুই শত চল্লিশ) টাকা হারে একত্রে প্রতিষ্ঠান প্রতি প্রদান করতে হবে।
- (ঝ) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা জমা রশিদ বোর্ডের অংশ অবশ্যই জমা দিতে হবে। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে প্রিন্ট আউট ও রেজিস্ট্রেশন ফি জমার রশিদ গ্রহণ করা হবে না।
- (ঞ) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় জেএসসি/জেডিসি পাস শিক্ষার্থীদের মূল মার্কসিট (নম্বরপত্র) অবশ্যই প্রদর্শন করতে হবে।
- (ট) ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- (ঠ) নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে নাপারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
- (ড) রেজিস্ট্রেশন প্রিন্ট আউট কপি জমা ও রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

[বিশেষ দৃষ্টব্য : জরুরী প্রয়োজনে ০১৯৯২০০৭১৪৫ নম্বরে অফিস চলাকালিন সময়ে যোগাযোগ করা যাবে।]

এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জারী করা হলো।

স্বাক্ষরিত

(প্রকৌশলী জাকারিয়া আকাসী)

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ২৯-১০-২০২০ খ্রিঃ

স্মারক নং ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৩.১৯.১৭৮(৪)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ৫। সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। সংশ্লিষ্ট নথি।

২৯-১০-২০২০

(প্রকৌশলী জাকারিয়া আকাসী)

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৫০০৬৫৩৬।